

## Class - XI : Economics : Term I (Half-yearly) : 2021-22 : Marks - 40

### I. সঠিক বিকল্পটি বাছাই করো :

1 x 10 = 10

1. কাঁচামালের দ্রব্য রূপান্তর প্রক্রিয়াকে বলে —

(i) উৎপাদন (ii) সঞ্চয় (iii) বিনিয়োগ (iv) বিনিময়।

2. রাশিবিজ্ঞান অধ্যয়নের ধাপ হিসাবে নীচের কোনটি বিবেচিত হয় —

(i) তথ্যসংগ্রহ (ii) তথ্য উপস্থাপন (iii) তথ্য বিশ্লেষণ (iv) সবগুলো।

3. মূল উৎস থেকে প্রথমবারের জন্য তথ্য সংগ্রহকে বলা হয় —

(i) প্রাথমিক তথ্য (ii) মাধ্যমিক তথ্য (iii) আভ্যন্তরীণ তথ্য (iv) কোনটিই নয়।

4. মধ্যমান নির্ণয়ের সূত্রটি হল —

$$(i) l_2 - l_1 \quad (ii) \frac{l_2 - l_1}{2} \quad (iii) l_1 + l_2 \quad (iv) \frac{l_1 + l_2}{2}$$

5. প্রসারের অর্থ হল —

(i) বৃহত্তম এবং ক্ষুদ্রতম পর্যবেক্ষনগুলোর মধ্যে পার্থক্য (ii) ক্ষুদ্রতম এবং বৃহত্তম পর্যবেক্ষনগুলোর মধ্যে পার্থক্য  
(iii) ক্ষুদ্রতম এবং বৃহত্তম পর্যবেক্ষনগুলোর গড় (iv) বৃহত্তম এবং ক্ষুদ্রতম পর্যবেক্ষনগুলোর অনুপাত।

6. ক্রমযৌগিক পরিসংখ্যান বন্টনের রেখাচিত্রকে বলা হয় —

(i) লাইন ডায়াগ্রাম (ii) আয়তলেখ (iii) ওজাইভ (iv) কোনটিই নয়।

7. মানুষের অভাব পূরণের প্রয়োজনীয় সম্পদের পরিমাণ হল —

(i) সীমিত (ii) সীমাহীন (iii) শূন্যদামে উপলব্ধ (iv) কোনটিই নয়।

8. দুটি দ্রব্য ভোগের মাধ্যমে একজন ভোক্তা তখনই ভারসাম্যে পৌঁছাবেন, যখন —

$$(i) \frac{MU_1}{P_1} > \frac{MU_2}{P_2} \quad (ii) \frac{MU_1}{P_1} = \frac{MU_2}{P_2} \quad (iii) \frac{MU_2}{P_2} > \frac{MU_1}{P_1} \quad (iv) \frac{TU_1}{P_1} = \frac{TU_2}{P_2}$$

9. একটি নিরপেক্ষরেখা দেখায় দুটি দ্রব্যের বিভিন্ন গুচ্ছকে যা ———— তপ্তির স্তর প্রকাশ করে।

(i) অসমান (ii) সমান (iii) শূন্য (iv) কোনটিই নয়।

10. নীচের কোনটি পরিবর্ত দ্রব্যের উদাহরণ —

(i) চা এবং কফি (ii) কোক এবং পেপসি (iii) গাড়ি এবং পেট্রোল (iv) চা এবং চিনি।

### II. এক শব্দে /বাক্যে প্রতিটি প্রশ্নের উত্তর দাও :

1 x 20 = 20

11. নিম্নলিখিত বিবৃতিটি সত্য বা মিথ্যা উল্লেখ কর :

“রাশিবিজ্ঞান পরিমাণগত ও গুণগত উভয় ধরনের চলরাশি নিয়ে আলোচনা করে।”

12. বহুবচনে রাশিবিজ্ঞানের অর্থ লেখ।

13. বিক্ষিপ্ত নমুনা চয়ন বলতে কী বোঝ?

14. সরাসরি ব্যক্তিগত সাক্ষাৎকারের মাধ্যমে প্রাপ্ত তথ্যের একটি সুবিধা উল্লেখ কর।

15. নিম্নলিখিত বিবৃতিটি সত্য বা মিথ্যা উল্লেখ কর

“যখন জনগণ শিক্ষিত থাকে এবং বিশাল জায়গা জুড়ে বিস্তৃত থাকে, তখন রাশিতথ্য সংগ্রহের যথাযথ পদ্ধতি হল টেলিফোনের মাধ্যমে সমীক্ষা করা।”

16. অপরিশোধিত বা কাঁচাতথ্য বলতে কী বোঝায় ?

17. বহির্ভূত সারি কী ?

18. সঠিক উত্তরটি বসিয়ে শূন্যস্থান পূরণ কর :

----- বলতে বুঝায় একটি নির্দিষ্ট শ্রেণিতে অন্তর্ভুক্ত পর্যবেক্ষণগুলোর সংখ্যা।

19. নিম্নলিখিত বিবৃতিটি সত্য বা মিথ্যা উল্লেখ কর :

“দন্ডচিত্রে দন্ডের প্রস্থ সমান হওয়ার প্রয়োজনীয়তা নেই।”

20. নিম্নলিখিত বিবৃতিটি সত্য বা মিথ্যা উল্লেখ কর :

“পাইচিত্রে, সারির পরম মান ক্রমযৌগিকে রূপান্তর করা হয়।”

21. সুযোগ ব্যয়ের সংজ্ঞা দাও।

22. আদর্শবাচক অর্থনীতি বলতে কী বোঝায় ?

23. নিম্নলিখিত বিবৃতিটি সত্য বা মিথ্যা উল্লেখ কর :

“অর্থনীতিকে সামগ্রিকভাবে অধ্যয়ন করাকে বলে সামষ্টিক অর্থনীতি।”

24. নিরপেক্ষ রেখা কী ?

25. মোট উপযোগ যখন সর্বোচ্চ হয় তখন প্রান্তিক উপযোগ কী হবে ?

26. নিম্নলিখিত বিবৃতিটি সত্য বা মিথ্যা উল্লেখ কর :

“অন্যান্য অবস্থা অপরিবর্তিত থাকলে, ভোক্তা তখনই বেশি করে কমলা ক্রয় করে যখন এর দাম কমে।”

27. সঠিক উত্তরটি বসিয়ে শূন্যস্থান পূরণ কর :

প্রয়োজনীয় দ্রব্যের ক্ষেত্রে চাহিদার স্থিতিস্থাপকতা ----- হয়। (স্থিতিস্থাপক / অস্থিতিস্থাপক)

28. সম্পূর্ণ স্থিতিস্থাপক চাহিদা বলতে কী বোঝায় ?

29. চাহিদারেখার ডানদিকে স্থানান্তর কী নির্দেশ করে ?

30. উপযোগ কথার অর্থ কী ?

III. সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

2 x 5 = 10

31. বিচ্ছিন্ন ও অবিচ্ছিন্ন চলকের মধ্যে পার্থক্য নির্দেশ কর।

32. সারনির মূল অংশগুলি কী কী ?

33. অর্থনীতির মৌলিক সমস্যাগুলি কী কী ?

34. চিত্রসহযোগে মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের সম্পর্ক ব্যাখ্যা কর।

35. চাহিদার নিয়ম লিখ। কখন চাহিদারেখা বাদিকে স্থানান্তরিত হয় ?